দৈনিক জনকণ্ঠ

13 JUN 2017
তারিখ ... 13 JUN 2017
পৃষ্ঠা ...২... কলাম ...১...

## প্রথম শ্রেণী থেকে বাধ্যতামূলক করে ইংরেজী শিক্ষায় গুরুত্ব–গণশিক্ষামন্ত্রী

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান জানান, প্রথম শ্রেণী থেকে বাধ্যতামূলক করে ইংরেজী শিক্ষায় গুরুত্ব প্রদান করা হয়েছে। জাতীয় পার্টির সালমা ইসলামের প্রশ্নের জবাবে তিনি আরও জানান, শিক্ষাক্রমের আওতায় প্রতিটি শ্রেণীতে ইংরেজী পাঠদান যথাযথকরণে শিক্ষক সংস্করণ প্রকাশের মাধ্যমে শিক্ষক সহায়িকা ও নির্দেশনা নিশ্চিত করা হয়েছে।

তিনি জানান, ইংরেজী বিষয়ে শিক্ষকদের দক্ষ করে তোলার জন্য কাস্টমাইজড বিশেষ প্রশিক্ষণসহ বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এছাড়াও প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের ইংরেজী ভাষায় দক্ষ করার জন্য এবং শ্রেণীকক্ষভিত্তিক ইংরেজী শিখন শেখানো কার্যকর ও আকর্ষণীয় করার জন্য ইংলিশ ইন এ্যাকশন প্রকল্পের মাধ্যমে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।